# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০৭]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যানবাহন, উট, গাছ, পালকি ইত্যাদি সামনে রেখে নামায আদায় করা

باب الصَّلاَةِ إِلَى الرَّاحِلَةِ وَالْبَعِيرِ وَالشَّجَرِ وَالرَّحْلِ

---

আরবী

ـ عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا، عَنِ النَّبِيِّ : أَنَّهُ كَانَ يُعَرِّضُ رَاحِلَتَهُ فَيُصَلِّي إِلَيْهَا قيل لنافع: أَفَرَأَيْتَ إِذَا هَبَّتِ الرِّكَابُ؟ قَالَ كَانَ يَأْخُذُ هَذَا الرَّحْلَ فَيُعَدِّلُهُ فَيُصَلِّي إِلَى آخِرَتِهِ أَوْ قَالَ مُؤَخَّرِهِ وَكَانَ ابْنُ عُمَرَ يَفْعَلُهُ.

বাংলা

৩১৪) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উটকে আড়াআড়িভাবে বসিয়ে তার দিকে মুখ ফিরিয়ে নামায পড়তেন। নাফে বলেনঃ আমি ইবনে উমারকে জিজ্ঞেস করলামঃ উট চলা শুরু করলে তিনি কি করতেন? তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাওদাজটি নিয়ে সোজা করে রাখতেন এবং তার শেষ প্রান্তের কাঠের দিকে মুখ ফিরিয়ে নামায আদায় করতেন। ইবনে উমার (রাঃ) এরূপই করতেন।

টিকাঃ সম্ভবতঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পালকিটি প্রথম থেকেই এভাবে রাখতেন যাতে উট চলে গেলেও হাওদাজটি সুতরা হিসাবে থেকে যেত।

## English

To offer As-Salat (the prayer) facing a Rahila camel, a tree or a camel saddle as a Sutra).

Narrated Nafi`:

"The Prophet (ﷺ) used to make his she-camel sit across and he would pray facing it (as a Sutra)." I asked, "What would the Prophet (ﷺ) do if the she-camel was provoked and moved?" He said, "He would take its camel-saddle and put it in front of him and pray facing its back part (as a Sutra). And Ibn `Umar used to do the same." (This indicates that one should not pray except behind a Sutra).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89612

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন